

## প্রেস বিজ্ঞপ্তি

১৩ জুন-২০২৪

### জুয়েলারি শিল্পের কারিগরি প্রশিক্ষণে অর্থায়ন করবে বিশ্ব ব্যাংক

জুয়েলারি শিল্পের কারিগরি দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ কর্মসূচিতে অর্থায়ন করবে বিশ্বব্যাংক। বিশ্বব্যাংকের এল একসিলারেটিং এন্ড স্ট্রেংডেনিং স্কিলস ফর ইকোনমিক ট্রান্সফরমেশন (এ্যাসেট) প্রজেক্টের আওতায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের সহযোগিতা প্রশিক্ষণ প্রদান কর্মসূচি বাস্তবায়ন করবে দেশের পণ্যভিত্তিক ঐতিহ্যবাহী সর্ববৃহৎ বাণিজ্য সংগঠন বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন- বাজুস। এ উপলক্ষে বাজুস ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের সাথে সমর্থোত্তা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

আজ রাজধানীর আগারগাঁও কারিগরি শিক্ষা অধিদপ্তরের অনুষ্ঠানে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমর্থোত্তা স্মারকে স্বাক্ষর করেন বাজুসের সাধারণ সম্পাদক বাদল চন্দ্র রায় এবং বিশ্ব ব্যাংকের এ্যাসেট প্রজেক্টের প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ। এসময় বাজুসের পক্ষে উপস্থিত ছিলেন বাজুসের সহ-সভাপতি গুলজার আহমেদ, মোঃ রিপনুল হাসান, মাসুদুর রহমান, বাজুস উপদেষ্টা রংহুল আমিন রাসেল, কোষাধ্যক্ষ উত্তম বণিক ও বাজুসের কার্যনির্বাহী কমিটির সদস্য আনোয়ার হোসেন।

বিশ্ব ব্যাংকের অর্থায়নে কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে পরিচালিত হচ্ছে এই এ্যাসেট প্রজেক্ট। এ্যাসেট প্রজেক্টের অধীনে বাজুস ইনসিটিউটের মাধ্যমে প্রথমিক অবস্থায় জুয়েলারি শিল্পের সাথে সংশ্লিষ্ট ৩ শত ব্যক্তিকে এই প্রশিক্ষণের আওতায় আনা হবে। এই প্রশিক্ষণের মাধ্যমে জুয়েলারি শিল্পে কারিগরি দক্ষতার মান বৃদ্ধি পাবে।

এই প্রজেক্টের আওতায় তিন মাস মেয়াদি প্রশিক্ষণে থাকছে জুয়েলারি ম্যানুফ্যাকচারিং, জুয়েলারি ডিজাইন, জুয়েলারি ডিজাইন ক্যাড অপারেশন ও জুয়েলারি সেলস এন্ড মার্কেটিং এর পাশাপাশি দক্ষতা উন্নয়ন বিষক প্রশিক্ষণ কোর্স।

রাশেদ রহমান অমিত  
মিডিয়া এন্ড কমিউনিকেশন স্পেশালিস্ট  
মোবাইল: ০১৭৭৪৮৩১৩৮৭